

Resilient Homestead and Livelihood Support to the Vulnerable Coastal People of Bangladesh (RHL) Project

কাঁকড়া চাষ : জলবায়ু পরিবর্তন সহনশীল প্রযুক্তির মাধ্যমে টেকসই জীবিকায়ন

জলবায়ু পরিবর্তন সহনশীল প্রযুক্তি হিসেবে বাংলাদেশের উপকূলীয় লবণাক্ত অঞ্চলে কাঁকড়া চাষের বিপুল সম্ভাবনা রয়েছে। তবে, কাঁকড়া চাষ বিষয়ে সচেতনতা ও দক্ষতার অভাব, অবকাঠামোগত ব্যয়, প্রাকৃতিক দুর্যোগ ইত্যাদি ঝুঁকির কারণে দীর্ঘদিন ধরে এই সম্ভাবনা পুরোপুরি কাজে লাগানো যায়নি। এই বাস্তবতার প্রেক্ষিতে RHL প্রকল্প একটি কৌশলগত ও সমন্বিত কার্যক্রম বাস্তবায়ন করছে, যার লক্ষ্য জলবায়ু পরিবর্তনের কারণে ঝুঁকিপূর্ণ উপকূলীয় জনগোষ্ঠীকে দক্ষ কাঁকড়া উৎপাদনকারী হিসেবে গড়ে তোলার মাধ্যমে তাঁদের আত্মনির্ভরশীলতার সুযোগ সৃষ্টি করা এবং জলবায়ু পরিবর্তন সহনশীলতা বৃদ্ধি করা।

RHL প্রকল্পের কাঁকড়া চাষ কার্যক্রমের আওতায় উপকূলীয় প্রান্তিক মানুষদের প্রযুক্তিগত সক্ষমতা বৃদ্ধি, আর্থিক সহায়তা এবং ধারাবাহিক পরামর্শ প্রদান করা হচ্ছে। বিশেষজ্ঞ কারিগরি দিকনির্দেশনা ও সহজলভ্য অর্থায়নের সমন্বয়ে উপকূলীয় মানুষদের মধ্যে একদিকে যেমন কাঁকড়া চাষের আগ্রহ বেড়েছে, তেমনিভাবে কাঁকড়া চাষের দক্ষতা ও সক্ষমতা বৃদ্ধি পেয়েছে। ফলশ্রুতিতে উপকারভোগী পরিবারের আয় বৃদ্ধি পেয়েছে এবং তাঁদের জীবনযাত্রায় দৃশ্যমান পরিবর্তনের সুযোগ সৃষ্টি হয়েছে।

RHL প্রকল্পের এই উদ্যোগ শুধু বিকল্প আয়ের একটি সুযোগ সৃষ্টি করেনি, বরং উপকারভোগী পরিবারগুলোকে পরিবর্তনশীল পরিবেশের সঙ্গে খাপ খাইয়ে নিতে ও অর্থনৈতিকভাবে স্বাবলম্বী হতে সহায়তা করছে, যার ফলে তাঁদের মধ্যে জলবায়ু পরিবর্তন সহনশীলতা জোরদার হয়েছে।

পরিত্যক্ত পুকুর থেকে নতুন সম্ভাবনা : কাঁকড়া চাষি ইয়ানুর বেগমের জীবন জয়ের গল্প

“ নদী আমার ঘর কেড়ে নিয়েছে, কিন্তু আমার স্বপ্ন কেড়ে নিতে পারেনি। আজ আমি একজন সফল কাঁকড়া চাষি হিসেবে নিজের পায়ে দাঁড়িয়েছি, আত্মবিশ্বাসের সাথে আমার পরিবারকে এগিয়ে নিচ্ছি। ”



নিজের কাঁকড়া খামারে ইয়ানুর বেগম

মেঘনা নদীর তীরবর্তী জীবন খুব অনিশ্চিত। ইয়ানুর বেগম তার সবচেয়ে বড় প্রমাণ। ভোলা জেলার চরফ্যাশন উপজেলার বাসিন্দা ইয়ানুর নদীভাঙনের কবলে পড়ে তাঁর বসতভিটা ও সহায়সম্বল হারিয়ে নিঃস্ব হয়ে পড়েন। স্বামী রফিকুল ইসলাম ও দুই সন্তানকে নিয়ে তাঁকে নতুন করে জীবন শুরু করতে হয়। বাস্তুচ্যুত পরিবারটির আয়ের পথ বন্ধ হয়ে যায়। দুই বেলা খাদ্যের সংস্থান করাও অনিশ্চিত হয়ে যায় তাঁদের জন্য। দিনের পর দিন কষ্টের সঙ্গে লড়াই করাই যখন হয়ে ওঠে পরিণতি, তিক তখনই RHL প্রকল্প ইয়ানুরের জন্য এক নতুন সম্ভাবনা নিয়ে আসে, তিনি প্রকল্পের আওতায় গঠিত ‘জলবায়ু পরিবর্তন অভিযোজন দল’ (Climate Change Adaptation Group - CCAG)-এর সদস্য হন।

ইয়ানুরের নতুন আশ্রয়ের পাশেই ছিল প্রায় ২০ শতাংশ আয়তনের একটি পরিত্যক্ত পুকুর, যা দীর্ঘদিন অবহেলায় পড়ে ছিল। RHL প্রকল্পের দিকনির্দেশনায় ইয়ানুর সেই জলাবদ্ধ পুকুরেই নতুন সম্ভাবনা দেখতে পান। কাঁকড়া মোটাজাকরণ কার্যক্রমের উপকারভোগী নির্বাচিত হয়ে তিনি প্রকল্প থেকে ৩০ হাজার টাকা অনুদান পান। নিজের সঞ্চয় যোগ করে তাঁর মোট বিনিয়োগ দাঁড়ায় ৮৫ হাজার টাকা। প্রকল্পের বৈজ্ঞানিক পদ্ধতিতে কাঁকড়া চাষের প্রশিক্ষণ গ্রহণ করে তিনি আত্মবিশ্বাসী হয়ে ওঠেন। প্রশিক্ষণলব্ধ জ্ঞান, পরিশ্রম আর সুশৃঙ্খল ব্যবস্থাপনায় অল্প কিছুদিনের মধ্যে তিনি সফলভাবে কাঁকড়া উৎপাদন ও বিক্রয়



করতে সমর্থ হন। কয়েক মাসের মধ্যেই তাঁর খামার থেকে মোট বিক্রি দাঁড়ায় ১ লাখ ২৬ হাজার টাকা, এবং নিট মুনাফা হয় ৪০ হাজার ৯০০ টাকা। এই আয় পরিবারে স্বস্তি ফিরিয়ে আনে। পরিবারের খাদ্য ও অন্যান্য প্রয়োজন মেটানোর জন্য অর্থের সংস্থান নিয়ে তাঁদের আর দুশ্চিন্তা করতে হয় না। এখন তাঁরা স্বপ্ন দেখছেন সন্তানদের শিক্ষিত করে



তোলার জন্য। ইয়ানুর ফিরে পেয়েছেন আত্মমর্যাদা ও নিজের সক্ষমতার প্রতি বিশ্বাস। তাঁর সাফল্যের গল্প অন্য নারীদের অনুপ্রাণিত করে। আগামী দিনের কথা ভেবে ইয়ানুর তাঁর আয়ের অর্থ পুনরায় বিনিয়োগ করছেন কঁকড়া চাষ সম্প্রসারণে। RHL প্রকল্পের সহযোগিতায় তাঁর দারিদ্র্য জয়ের সংগ্রাম টেকসই জীবিকায়নের এক অনন্য উদাহরণ।

পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ) বাংলাদেশের জলবায়ু ঝুঁকিপূর্ণ উপকূলীয় দরিদ্র জনগোষ্ঠীর জন্য দুর্যোগ সহনশীল আবাসন ও জীবিকা উন্নয়নে উপকূলীয় ৭টি জেলায় Resilient Homestead and Livelihood Support to the Vulnerable Coastal People of Bangladesh (RHL) প্রকল্প বাস্তবায়ন করছে। পাঁচ বছর মেয়াদি প্রকল্পটির অভিযোজনমূলক কার্যক্রমের মধ্যে অন্যতম হলো জলবায়ু পরিবর্তন সহিষ্ণু বসতিভিটা নির্মাণ, লবণাক্ত পরিবেশে টেকসই জীবিকা চর্চা, যেমন - কঁকড়া চাষ, মাচা পদ্ধতিতে ছাগল/ভেড়া পালন, লবণাক্ততা সহনশীল সবজি চাষ, এবং বৃক্ষরোপণ।

উপদেশক:

মোঃ ফজলুল কাদের

ব্যবস্থাপনা পরিচালক, পিকেএসএফ

ড. ফজলে রাব্বি ছাদেক আহমাদ

উপ-ব্যবস্থাপনা পরিচালক, পিকেএসএফ

সম্পাদনা পরিষদ:

ড. একেএম নুরুজ্জামান

মোঃ আবু নাসির খান

মোঃ শামীম ইফতেখার

যোগাযোগ:

প্রকল্প ব্যবস্থাপনা ইউনিট

RHL প্রকল্প, পিকেএসএফ



পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ)

পিকেএসএফ ভবন - ১, ই-৪/বি, আগারগাঁও প্রশাসনিক এলাকা

শের-ই-বাংলা নগর, ঢাকা

ফোন: ৮৮০-২-৮১৮১১৬৯, ৮১৮১৬৬৪-৬৯

ফ্যাক্স: ৮৮০-২-৮১৮১৬৭৮

ই-মেইল: pkfs@pkfs.org.bd

ওয়েব সাইট: www.pkfs.org.bd

ফেসবুক: www.facebook.com/PKSF.org

